এইচএসসি পাস করলেন চুয়াডাঙ্গা ছাত্রদল সভাপতির ছেলে মাহি




ছবি: সংগৃহীত

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাহজাহান খানের ছেলে জোনায়েব ইসলাম মাহি। শনিবার (৩১ অক্টোবর) দুপুরে ২০২৬ সালের পরীক্ষার ফল প্রকাশের পর তাঁর উত্তীর্ণ হওয়ার বিষয়টি জানা যায়। মাহি চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থী।

ছেলের ফলাফলে আনন্দ প্রকাশ করে নিজের ফেসবুক অ্যাকাউন্টে তাঁর ছবি পোস্ট করেন শাহজাহান খান। ক্যাপশনে তিনি লেখেন, 'আলহামদুলিল্লাহ। অনেক অনেক ভালোবাসা, দোয়া ও শুভ কামনা রইলো বাজান।'

পোস্টটি ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা তৈরি হয়েছে। অনেকে মাহিকে অভিনন্দন জানিয়েছেন, আবার জেলা পর্যায়ের একজন ছাত্রনেতার ছেলের ফলাফল নিয়েও নেটিজেনদের মধ্যে কৌতূহল দেখা গেছে।

উল্লেখ্য, ২০১৮ সালে শাহজাহান খানকে সভাপতি এবং মোমিনুর রহমান মোমিন মালিতাকে সাধারণ সম্পাদক করে চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়। এরপর থেকে জেলায় নতুন কোনো কমিটি গঠন করা হয়নি।